


# নরওয়েতে আসা

# Chegar à Noruega

Aamiina
Julie Cornelia van Walsum
Tahmina Akter
5
বাংলা bn / português pt




আমি ও আমার দুই ভাই ২০১৬ সালের ডিসেম্বরে নরওয়েতে এসেছিলাম। আমরা গ্রীষ্মের পোশাক পরেছিলাম, কারণ আমরা ভেবেছিলাম সোমালিয়ার মতো নরওয়েতেও গরম থাকবে। কিন্তু আমরা যখন বিমানবন্দরে পৌঁছালাম, তখন তুষারপাত হচ্ছিল। আমাদের ঠান্ডা লাগছিল আর আবহাওয়া হিমশীতল ছিল। যদিও আমরা কয়েকটি স্যুটকেস নিয়ে এসেছিলাম, তবুও এগুলোর মধ্যে কেবল গরমের পোশাকই ছিল।

. . .

Os meus dois irmãos e eu chegámos à Noruega em dezembro de 2016. Estávamos a usar roupas de verão porque pensávamos que estaria tão quente na Noruega como na Somália. Contudo, quando chegámos ao aeroporto, estava a nevar. Tínhamos frio e o tempo estava gelado. Apesar de termos trazido algumas malas, só tínhamos roupas de verão lá dentro.



আমরা যখন নরওয়েতে এসেছিলাম, তখন আমি খুব খুশি হয়েছিলাম যদিও অনেক ঠান্ডা ছিল। অবশেষে আমি আমার মায়ের সাথে আবার দেখা করতে পারবো, যাকে আমি ছয় বছর ধরে দেখিনি। আমার মা ও তার দুই বন্ধু আমাদের সাথে দেখা করেছিলেন। আমরা যখন তাঁকে দেখলাম, আনন্দে কেঁদে ফেলেছিলাম। আমরা সেই ছোট শহরে চলে যাই, যেখানে মা থাকেন।

. . .

Apesar de estar frio, eu fiquei muito feliz quando cheguei à Noruega. Finalmente iria reencontrar a minha mamã, que não via há seis anos. A minha mamã e dois dos seus amigos foram ter connosco. Quando a vimos, chorámos de alegria. Fomos de carro até à pequena cidade onde a minha mamã vive.



মায়ের শহরে প্রথম দিনগুলো খুবই অদ্ভুত ছিল। এখানে ঠান্ডা ছিল, তুষারপাত হচ্ছিল আর দেখার মতো খুব বেশি কিছু ছিল না। রাস্তাগুলো ছিল একেবারে ফাঁকা। আমি যে অল্প কয়েকজনের সাথে দেখা করেছিলাম, তারা শীতল ও বন্ধুত্বহীন বলে মনে হয়েছিল। সোমালিয়ায় সব জায়গায় লোকজন ছিল, তাই এখানে সবকিছু অপরিচিত মনে হয়েছিল। আমার মা ও তার বন্ধুরা আমাদের কিছু উপহার দিয়েছিলেন এবং তারপর তিনি আমাদের শীতের পোশাক কিনতে নিয়ে গিয়েছিলেন।

. . .

Os primeiros dias na cidade da mamã foram muito estranhos. Estava frio e a nevar e não havia muito para ver. As ruas estavam completamente vazias. As poucas pessoas que conheci pareciam frias e pouco amigáveis. Na Somália havia pessoas em todo o lado, por isso tudo aqui parecia estranho. A minha mamã e os seus amigos deram-nos alguns presentes e depois ela levou-nos a comprar roupas de inverno.



বড়দিনের ছুটির পর আমি প্রাপ্তবয়স্কদের শিক্ষাকেন্দ্রে একটি নরওয়েজিয়ান কোর্সে যোগ দিয়েছিলাম। একটি সাধারণ স্কুলে পড়ার আগে আমি সেখানে দুই বছর পড়াশোনা করেছি। এখন আমি আমার শেষ বর্ষে আছি এবং আমি অনেক নতুন বন্ধু তৈরি করেছি। আমি খুব সামাজিক এবং অন্যান্য লোকজনের সাথে দেখা করতে পছন্দ করি।

. . .

Depois das férias de Natal, participei num curso de norueguês no centro de educação para adultos. Estudei lá durante dois anos antes de começar numa escola normal. Agora estou no meu último ano e fiz muitos amigos novos. Sou muito sociável e gosto de conhecer outras pessoas.



স্কুলের পর আমি স্বেচ্ছাসেবকদের দ্বারা পরিচালিত একটি কেন্দ্রে যাই, যেখানে আমি আমার হোমওয়ার্কে সহায়তা পাই। ঐ কেন্দ্রে আমি একটি সেলাইয়ের কোর্সেও যোগ দিয়েছি।

• • •

Depois das aulas vou a um centro dirigido por voluntários onde me ajudam com os meus trabalhos de casa. Também participei num curso de costura no centro.



সোমালিয়ায় আমি কখনো স্কুলে যাইনি বা কুরআন স্কুল ছাড়া আর কোনো কোর্স করিনি। আমি পড়তে বা লিখতে জানতাম না। এখন আমি সোমালি ও নরওয়েজিয়ান উভয় ভাষায় অনেক বিষয়ে লিখতে শিখেছি। শিক্ষা ছাড়া আমার মনে হতো আমি কেউ নই। এখন আমার নিজেকে জ্ঞানী ও সুখী মনে হয়।

• • •

Na Somália, nunca fui à escola nem fiz nenhum curso, exceto a Escola do Alcorão. Não sabia ler nem escrever. Agora aprendi a escrever tanto em somali, como em norueguês, e muitas outras disciplinas. Sem estudos, sentia que não era ninguém. Agora sinto-me uma pessoa com conhecimento e feliz.




আগামী বছর আমি স্বাস্থ্য ও যুব উন্নয়ন বিভাগে মাধ্যমিক বিদ্যালয়ে পড়াশুনা শুরু করব। ভবিষ্যতে আমি একজন যুবকর্মী হতে চাই। আমি যখন আমার পড়াশোনা শেষ করব, তখন আমার স্বপ্ন একটি স্থায়ী চাকরি পাওয়া। আমি ড্রাইভিং শিখতে চাই এবং ড্রাইভিং লাইসেন্স পেতে চাই।

...

No próximo ano, vou começar o ensino secundário na área de saúde e desenvolvimento de jovens. No futuro, quero tornar-me uma profissional que trabalha com jovens. Quando terminar a minha formação, o meu sonho é conseguir um emprego permanente. Também quero aprender a conduzir e tirar a carta de condução.



আমি যদি সোমালিয়ায় থাকতাম, আমার মনে হয় আমি এতদিনে মা হয়ে যেতাম। হয়তো আমার অনেক সন্তান থাকত। আমি যদি সোমালিয়ায় থাকতাম, তাহলে এখনকার মতো সুযোগ-সুবিধা পেতাম না। নরওয়েতে থাকতে পেরে আমি নিজেকে ভাগ্যবান মনে করি।

. . .

Se eu tivesse ficado na Somália, penso que já teria sido mãe. Talvez já tivesse tido muitos filhos. Se eu tivesse ficado na Somália, não teria tido as mesmas oportunidades que tenho tido agora. Sinto-me sortuda por viver na Noruega.

# LIDA Stories

lidastories.net

## নরওয়েতে আসা

## Chegar à Noruega

Aamiina
Julie Cornelia van Walsum
Tahmina Akter (bn), Susana Coimbra (pt)

CC BY